গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-২ অধিশাখা
www.mofl.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১১৮.১৫.০১০.২০.৩৪৫ | তারিখ: ৩ শ্রাবণ ১৪২৮
১৮ জুলাই ২০২১

বিষয়: **আসন্ন ঈদুল আযহার পরে কোরবানির মাংস প্রক্রিয়াজাতকরণসহ সরবরাহ এবং মাছ, মাংস, দুধ ও ডিমের উৎপাদন, পরিবহণ, সরবরাহ ও বিপণনের অনুমতি প্রদান।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২২৮ তারিখঃ ১৩/০৭/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ করা হয়েছে। উক্ত নির্দেশনায় সারা দেশে খাদ্যদ্রব্য, ঔষধ এবং জরুরি/অত্যাবশ্যকীয় পণ্য পরিবহণ/বিক্রয় বিধি-নিষেধের আওতাবহির্ভূত রাখা হয়েছে।

২.০। ঈদুল আযহার সময় এবং পরবর্তী সময়ে সমন্বিত খামার ও মাংস প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠানসমূহ (বেঙ্গল মিট, দেশী মিট, সাদিক এগ্রো ইত্যাদি) গবাদি পশু কোরবানিপূর্বক প্রক্রিয়াজাত করে সেবা গ্রহিতার বাড়িতে পৌঁছে দিয়ে থাকে। এ কাজ সম্পন্ন করতে ঈদ উল আযহার পরও ৬/৭ দিন সময়ের প্রয়োজন হবে।

৩.০। দেশের জনগণের খাদ্যের/পুষ্টি চাহিদা পূরণের জন্য মাছ, মাংস, দুধ এবং ডিম উৎপাদন, বিপণন এবং সরবরাহ অব্যাহত রাখা প্রয়োজন। এ লক্ষ্যে এ সকল খাদ্য সামগ্রী উৎপাদনের সাথে সংশ্লিষ্ট কাঁচামালের অব্যাহত যোগান নিশ্চিত করা আবশ্যক।

৪.০। বর্ণিত অবস্থায়, করোনা পরিস্থিতি মোকাবেলায় ঘোষিত বিধিনিষেধ চলাকালে কোরবানির মাংস প্রক্রিয়াজাতকরণ, মাছ, মাংস, দুধ ও ডিম এবং এর জন্য প্রয়োজনীয় কাঁচামাল, খাদ্য, ঔষধ, চিকিৎসা সরঞ্জাম, কৃত্রিম প্রজননের সামগ্রী ইত্যাদি উৎপাদনের খামার/কারখানা খোলা রাখাসহ সরবরাহ ও বিপণন বিধি-নিষেধের আওতা বহির্ভূত ঘোষণার জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হলো।

**বিষয়টি অতীব জরুরী।**

১৮-৭-২০২১
ড.অমিতাভ চক্রবর্তী
উপসচিব
ইমেইল: livestock-2@mofl.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১১৮.১৫.০১০.২০.৩৪৫/১(১০১) | তারিখ: ৩ শ্রাবণ ১৪২৮
১৮ জুলাই ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) ইন্সপেক্টর জেনারেল, পুলিশ হেডকোয়ার্টার্স।
৪) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়।